




রাংগুনিয়া কলেজ, চট্টগ্রাম  
অধ্যক্ষের কার্যালয়

কলেজ কোড: জা: বি: ৪৩২১, চ: বোর্ড: ৩৫২৫

Website: www.ranguniacollege.edu.bd / Email: info@ranguniacollege.edu.bd



চট্টগ্রাম : ৪৩৬০

স্থাপিত : ১৯৬৩

Chittagong : 4360

Established : 1963

নং- ২০১৮/০৩৭

তারিখ : ২১/০৫/২০১৮খ্রি.

২০১৭ সালের ডিগ্রি (পাস) কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

২০১৭ সালের ডিগ্রি (পাস) ২য় বর্ষ পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য পরীক্ষার্থীদের পরীক্ষার আবেদন ফরম পূরণে শিক্ষার্থীদের করণীয় বিষয় নিম্নে প্রদান করা হলঃ

১। আবেদকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/degree-pass)- এ গিয়ে Apply to online form Fillup (For Student)- এ লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং বিশ্ববিদ্যালয় পরীক্ষার ফি উল্লেখ থাকবে।

২। প্রত্যেক পরীক্ষার্থীকে সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।

৩। ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে ২টি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেদনকারীকে নিজ দায়িত্বে স্বাক্ষর করে নিম্নলিখিত শিক্ষকদের নিকট অবশ্যই জমা দিতে হবে।

৪। কলেজের সকল পাওনা ও বিশ্ববিদ্যালয়ের ফি কলেজ অফিস থেকে রসিদ সংগ্রহ করে ২২/০৫/২০১৮ থেকে ৩১/০৫/২০১৮ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (শুক্রবার ও শনিবার ব্যতিত) বাংলাদেশ কৃষি ব্যাংক, রাংগুনিয়া কলেজ শাখায় জমা পূর্বক রসিদের পিচনে কলেজ লাইব্রেরীর অনাপত্তি গ্রহণ করতে হবে।

৫। ব্যাংকে টাকা জমা দেয়ার রসিদ প্রদর্শন পূর্বক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা আবেদন ফরম ২৩/০৫, ২৪/০৫, ২৯/০৫, ৩১/০৫/২০১৮ তারিখসমূহে সকাল ১০টা থেকে ১টার মধ্যে নিম্নলিখিত শিক্ষকদের নিকট জমা দিতে হবে।


০১. অধ্যাপক ড. সৌমিত্র বড়ুয়া - আহবায়ক, ডিগ্রি (পাস) পরীক্ষা কমিটি-২০১৭

০২. অধ্যাপক মর্তুজা মোরশেদুল আনোয়ার - সদস্য, ডিগ্রি (পাস) পরীক্ষা কমিটি-২০১৭

০৩. অধ্যাপক সাবিত্রী দাশ - সদস্য, ডিগ্রি (পাস) পরীক্ষা কমিটি-২০১৭

নির্দিষ্ট সময়ের মধ্যে উল্লিখিত কার্যাদি সম্পাদনে ব্যর্থ হলে, যদি কোন শিক্ষার্থী অংশ গ্রহণ না করতে পারে তার জন্য কলেজকে দায়ী করা যাবে না। ছাত্র-ছাত্রী নিজেরাই দায়ী থাকবে।

বিষয়টি খুবই জরুরী।

  
(মোহাম্মদ আবু ইউসুফ)

অধ্যক্ষ

রাংগুনিয়া কলেজ, চট্টগ্রাম।

মোহাম্মদ আবু ইউসুফ

অধ্যক্ষ

রাংগুনিয়া কলেজ, চট্টগ্রাম